গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, সেতু বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

সেতু বিভাগ ১৫০০ মিটার বা তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টোল রোড, ফ্লাইওভার, এক্সপ্রেসওয়ে, কজওয়ে, লিংক রোড ইত্যাদির সম্ভাব্যতা যাচাই, পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ইত্যাদি দায়িত্ব পালন করে থাকে। সেতু বিভাগের অভিলক্ষ্য ও কৌশলগত উদ্দেশ্যের সাথে সংগতি রেখে সাম্প্রতিক বছরসমূহে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। পদ্মা বহুমুখী সেতুর মূল সেতুর নির্মাণ কাজের ৫% অগ্রগতিসহ সার্বিকভাবে ২০% অগ্রগতি অর্জিত হয়েছে। উল্লিখিত কাজের মধ্যে রয়েছে, ভূমি অধিগ্রহণ কাজের ৯৮%, পুনর্বাসন কাজের ৬৫%, ৪টি পুনর্বাসন এলাকা বনায়ন, সংযোগ সড়কের ৫০%, ৫টি সিভিল কনস্ট্রাকশন এবং ৩টি পরামর্শক নিয়োগ চুক্তি সম্পাদন। সাম্প্রতিক সময়ে বঙ্গবন্ধু সেতুর পর্যবেক্ষণ (সার্ভিলেন্স) ব্যবস্থার উন্নয়ন, পৃথক ট্রাক লেন নির্মাণ, ফাটল মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে এবং মুক্তারপুর সেতুতে স্বয়ংক্রিয় টোল সংগ্রহ পদ্ধতি চালু করা হয়েছে। বিআরটি প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা, মাটি পরীক্ষা, নকশা, তত্ত্বাবধান, ব্যবসা ব্যবস্থাপনা পরামর্শক নিয়োগ সম্পন্ন হয়েছে। এছাড়াও কর্ণফুলি নদীর তলদেশে টানেল নির্মাণের জন্য বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

সেতু বিভাগের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কিছু সমস্যা/চ্যালেঞ্জও রয়েছে। এসমস্ত সমস্যা/চ্যালেঞ্জের মধ্যে রয়েছে পদ্মা বহুমুখী সেতু প্রকল্প এলকায় নদী ভাঙ্গন, খননকৃত মাটি অপসারণ, ম্যানেজমেন্ট সাপোর্ট কনসালটেন্ট নিয়োগ। এছাড়া বঙ্গবন্ধু সেতু এলাকার গাঁইড বাধ ও হার্ড পয়েন্ট এলাকায় নদী ভাঙ্গন একটি চ্যালেঞ্জ। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পে ভূমি অধিগ্রহন ও স্থাপনা অপসারণ, বিআরটি প্রকল্পের ভূমি অধিগ্রহন, নির্মাণ কাজ চলাকালে যানবাহন ব্যবস্থাপনা ইত্যাদিও সমস্যা/চ্যালেঞ্জ হিসেবে দেখা হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

সেতু বিভাগের বেশকিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে। এরমধ্যে আছে বঙ্গবন্ধু সেতুর ওজনস্কেলে ই-টিকেটিং পদ্ধতি চালুকরণ, এপ্রোচ রোড চার লেনে উন্নীতকরণ, ভূয়াপুর হার্ড পয়েন্টের স্থায়ী সুরক্ষা, মুক্তারপুর সেতুর সংযোগ সড়কের ডাবল বিটুমিনাস সারফেস ট্রিটমেন্ট (ডিবিএসটি), পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের অগ্রগতির বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে আগামী ২০১৮ সালের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করা এবং ২০১৮ সালের মধ্যে বিআরটি প্রকল্পের কাজ সমাপ্ত করা।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পে মূল সেতুর ২৫%, নদীশাসন কাজের ২৫% এবং সংযোগ সড়কের ৪০% কাজ সম্পন্ন হবে;
- কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণ কাজ শুরু হবে এবং ৫% কাজ সম্পন্ন হবে;
- ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ১ম ট্রাঞ্চের ৫% ভৌত নির্মাণ কাজ সম্পন্ন হবে; এবং
- বঙ্গবন্ধু সেতুর বক্সের ফাটল মেরামত কাজের ৮০% সমাপ্ত হবে।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সেতু বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

দেশব্যাপী নিরবিচ্ছিন্ন সড়ক যোগাযোগ নেটওয়ার্ক।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, উড়াল সেতু, এক্সপ্রেসওয়ে, টানেল ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে আর্থসামাজিক অবস্থার উন্নয়ন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. সমন্বিত ও নিরবিচ্ছিন্ন সড়ক যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা।
২. সড়ক পরিবহন ব্যবস্থা দ্রুততরকরণে সহায়তা করা।
৩. বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ১৫০০ মিটার ও তদূর্ধ্ব সেতু, টানেল, টোল সড়ক, উড়াল সেতু, এক্সপ্রেসওয়ে, বৃত্তাকার সড়ক (রিং রোড) ইত্যাদি পরিকল্পনা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন।
২. এ সকল সেতু, টানেল ও স্থাপনার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।
৩. এ সকল সেতু, টানেল ও স্থাপনা ব্যবহারকারী বিভিন্ন শ্রেণির যানবাহনের টোল নির্ধারণ ও আদায়।
৪. বৃহৎ সেতু ও অন্যান্য স্থাপনার নির্ধারিত এলাকাসমূহের নিরাপত্তা নিশ্চিত করা।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| উন্নত সড়ক যোগাযোগ | পদ্মা বহুমুখী সেতুর ভৌত নির্মাণ কাজে অগ্রগতি | % | ০ | ১০ | ২৫ | ২৫ | ৩০ | ভূমি মন্ত্রণালয় | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| যানজট হ্রাস | ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ভৌত নির্মাণ কাজে অগ্রগতি | % | ০ | ২ | ৫ | ২০ | ৩০ | ভূমি মন্ত্রণালয় | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] সমন্বিত ও নিরবিচ্ছিন্ন সড়ক যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা। | ৪৪ | [১.১] পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের জন্য ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন | [১.১.১] অধিগ্রহনকৃত জমি | একর | ৩.০০ | ৯৬৪.১৩ | ৭.০৫ | ২৫০ | ২৪৬ | ২৪০ | ২৩৫ | ২৩০ | ৩০.৪ | ১৬ |
| | | | [১.১.২] পুনর্বাসনকৃত পরিবার | সংখ্যা | ৩.০০ | ৭০৫ | ৬৫৫ | ৮০০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৩০০ | ১৭৪ |
| | | [১.২] মূল সেতু নির্মান | [১.২.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | % | ৪.০০ | ০ | ৫ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ৩০ | ৩০ |
| | | [১.৩] নদীশাসন কাজ | [১.৩.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | % | ৪.০০ | ০ | ৪.৫ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ৩০ | ৩০ |
| | | [১.৪] সংযোগ সড়ক নির্মাণ | [১.৪.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | % | ৩.০০ | ১৯ | ৩৯ | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৫ | ৩৪ | ২ | ০ |
| | | [১.৫] সার্ভিস এরিয়া-২ নির্মাণ | [১.৫.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | % | ৩.০০ | ৫ | ৪৫ | ৫০ | ৪৮ | ৪৬ | ৪৪ | ৪২ | ০ | ০ |
| | | [১.৬] পরিবেশ সংরক্ষণের জন্য বনায়ন | [১.৬.১] সম্পাদিত বনায়ন কাজ | সংখ্যা | ২.০০ | ২১৬৩০ | ১১০০০ | ১১০০০ | ১০৫০০ | ১০০০০ | ৯৫০০ | ৯০০০ | ১২০০০ | ১৫০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [১.৭] ব্যবস্থাপনা সহায়তা পরামর্শক সেবা (ম্যানেজমেন্ট সাপোর্ট কনসালটেন্সি সার্ভিস) | [১.৭.১] এমএসসি নিয়োজিত | তারিখ | ২.০০ | | | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | ৩১-১২-২০১৫ | ১৫-০১-২০১৬ | ৩১-০১-২০১৬ | | |
| | | [১.৮] বঙ্গবন্ধু সেতুর রক্ষণাবেক্ষণ, টোল আদায় ও আনুসঙ্গিক কাজ | [১.৮.১] সম্পাদিত ফাটল মেরামত কাজ | % | ৫.০০ | ০ | ০ | ৮০.০০ | ৭৮.০০ | ৭৬.০০ | ৭৪.০০ | ৭২.০০ | ২০ | ০ |
| | | | [১.৮.২] ভুয়াপুর হার্ডপয়েন্টের সম্পাদিত স্থায়ী মেরামত কাজ | % | ৪.০০ | ০ | ০ | ৫০.০০ | ৪৫.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ৩০.০০ | ৫০.০০ | ০ |
| | | | [১.৮.৩] সম্পাদিত পৃথক ট্রাক লেন নির্মাণ কাজ | % | ৩.০০ | ০ | ৯০.০০ | ১০.০০ | ৯.০০ | ৮.০০ | ৭.০০ | ৬.০০ | ০ | ০ |
| | | | [১.৮.৪] সংযোগ সড়কে সম্পাদিত DBST কাজ | % | ৩.০০ | ০ | ০ | ৫০.০০ | ৪৫.০০ | ৪০.০০ | ৩৫.০০ | ৩০.০০ | ৫০.০০ | ০ |
| | | | [১.৮.৫] অপারেশন ও মেইন্টেন্যান্স অপারেটর নিয়োজিত | তারিখ | ১.০০ | | | ৩১-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১০-১১-২০১৫ | ২৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | | |
| | | | [১.৮.৬] টোল আদায় কাজের অপারেটর নিয়োজিত | তারিখ | ১.০০ | | | ৩১-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১০-১১-২০১৫ | ২৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | | |
| | | [১.৯] মুক্তারপুর সেতুর সংযোগ সড়ক মেরামত | [১.৯.১] ঠিকাদার নিয়োজিত | তারিখ | ৩.০০ | | | ৩০-০৩-২০১৬ | ১৫-০৪-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩০-০৫-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] সড়ক পরিবহন ব্যবস্থা দ্রুততরকরণে সহায়তা করা। | ২১ | [২.১] ঢাকা আশুলিয়া উড়াল সেতু নির্মাণ | [২.১.১] সম্ভাব্যতা সমীক্ষার জন্য পরামর্শক নিয়োজিত | তারিখ | ৩.০০ | | | ৩০-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | ৩০-১২-২০১৫ | | |
| | | [২.২] বিআরটি করিডোরের উড়াল সেতু নির্মাণ | [২.২.১] চূড়ান্ত ডিটেইল ডিজাইন | তারিখ | ৪.০০ | | | ৩০-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | ৩০-১২-২০১৫ | | |
| | | | [২.২.২] ঠিকাদার নিয়োজিত | তারিখ | ৪.০০ | | | ৩০-০৩-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ৩০-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | | [২.২.৩] সম্পাদিত ভৌত নির্মান কাজ | % | ৪.০০ | ০ | ০ | ২.০ | ১.৫ | ১.০ | ০.৫০ | ০.২০ | ২০.০০ | ৬০.০০ |
| | | [২.৩] কর্ণফুলী টানেল নির্মাণ | [২.৩.১] অনুমোদিত ডিপিপি | তারিখ | ২.০০ | | | ৩১-০১-২০১৬ | ০৭-০২-২০১৬ | ১৪-০২-২০১৬ | ২১-০২-২০১৬ | ২৮-০২-২০১৫ | | |
| | | | [২.৩.২] অধিগ্রহণকৃত ভূমি | হেক্টর | ২.০০ | ০ | ০ | ১০ | ৯.৫ | ৯ | ৮.৫ | ৮ | ১০ | ০ |
| | | | [২.৩.৩] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | % | ২.০০ | ০ | ০ | ৫.০০ | ৪.০০ | ৩.০০ | ২.০০ | ১.০০ | ২০.০০ | ৩০.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা। | ১৮ | [৩.১] ঢাকা এলিভেটেড এক্সপ্রেস ওয়ে পিপিপি প্রকল্পের প্রথম ট্রাঞ্চের জমি হস্তান্তর | [৩.১.১] অপসারিত ভবন ও অবকাঠামো | % | ২.০০ | ০ | ১০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ০ | ০ |
| | | | [৩.১.২] প্রথম ট্রাঞ্চের হস্তান্তরিত জমি | তারিখ | ২.০০ | | | ৩০-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | ৩০-১২-২০১৫ | | |
| | | [৩.২] বিস্তারিত নকশা | [৩.২.১] অনুমোদিত বিস্তারিত নকশা | তারিখ | ৩.০০ | | | ২৫-১০-২০১৫ | ৩০-১০-২০১৫ | ১০-১১-২০১৫ | ২৫-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | | |
| | | [৩.৩] ভৌত নির্মাণ | [৩.৩.১] প্রথম ট্রাঞ্চের সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | % | ৩.০০ | ০ | ২ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ২০ | ৩০ |
| | | [৩.৪] প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের ভুমি অধিগ্রহণ | [৩.৪.১] ডিইই প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের অধিগ্রহনকৃত ভূমি | একর | ২.০০ | ০ | ০ | ১৭ | ১৬ | ১৫ | ১৩ | ১২ | ৫ | ০ |
| | | [৩.৫] পূনর্বাসন ভবন নির্মাণের জন্য পরামর্শক নিয়োগ | [৩.৫.১] স্বাক্ষরিত চুক্তি | তারিখ | ২.০০ | | | ৩০-০৯-২০১৫ | ১৫-১০-২০১৫ | ৩০-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | | |
| | | [৩.৬] সেফটি অডিট পরামর্শক নিয়োগ | [৩.৬.১] স্বাক্ষরিত চুক্তি | তারিখ | ২.০০ | | | ১৫-০৩-২০১৬ | ৩০-০৩-২০১৬ | ১৫-০৪-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | | |
| | | [৩.৭] পরিবেশ ও পুনর্বাসন কাজের পরামর্শক নিয়োগ | [৩.৭.১] স্বাক্ষরিত চুক্তি | তারিখ | ২.০০ | | | ৩০-১২-২০১৫ | ১৫-০১-২০১৬ | ৩০-০১-২০১৬ | ১৫-০২-২০১৬ | ২৮-০২-২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, সেতু বিভাগ, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সেতু বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>সেতু বিভাগ<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | ২০/৭/২০১৫<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ২০/০৭/২০১৫<br>তারিখ |

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বাসেক | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ |
| ২ | বিআরটি | বাস র‌্যাপিড ট্রানজিট |
| ৩ | সিএসসি | কনস্ট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট |
| ৪ | ডিডি | ডিটেইলড ডিজাইন |
| ৫ | ইএমপি | এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট প্ল্যান |
| ৬ | এফডিইই | ফার্স্ট ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে কোম্পানী লিমিটেড |
| ৭ | এলএপি | ল্যান্ড একুইজিশন প্ল্যান |
| ৮ | এমবি | মেজারমেন্ট বুক |
| ৯ | এমওইউ | মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং |
| ১০ | পিএমবিপি | পদ্মা মাল্টিপারপাস ব্রীজ প্রজেক্ট |
| ১১ | আরএপি | রিসেটেলমেন্ট এ্যাকশন প্ল্যান |
| ১২ | আরএস | রিসেটেলমেন্ট সাইট |
| ১৩ | এমএসসি | ম্যনেজমেন্ট সপোর্ট কনসালটেন্ট |
| ১৪ | ডিবিএসটি | ডাবল বিটুমিনাস সারফেস ট্রিটমেন্ট |
| ১৫ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোফর্মা |
| ১৬ | জিটুজি | গভর্ণমেন্ট টু গভার্ণমেন্ট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের জন্য ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন | [১.১.১] অধিগ্রহনকৃত জমি | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে মুন্সীগঞ্জ জেলায় ৪টি শরীয়তপুর জেলায় ২টি ও মাদারীপুর জেলায় ১টি পুনর্বাসন সাইটে মোট ২৫০ একর ভূমি অধিগ্রহণ করে বিভিন্ন নাগরিক সুবিধাসহ ২৬৩৪টি আবাসিক ও ৮০টি বাণিজ্যিক প্লট তৈরী করে মোট ২৬৩৪টি পরিবারকে পুনর্বাসনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | ভূমি মন্ত্রণালয়, সেতু বিভাগ, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.২] পুনর্বাসনকৃত পরিবার | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে মুন্সীগঞ্জ জেলায় ৪টি শরীয়তপুর জেলায় ২টি ও মাদারীপুর জেলায় ১টি পুনর্বাসন সাইটে বিভিন্ন নাগরিক সুবিধাসহ ২৬৩৪টি আবাসিক ও ৮০টি বাণিজ্যিক প্লট তৈরী করে মোট ২৬৩৪টি পরিবারকে পুনর্বাসনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | সেতু বিভাগ, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] মূল সেতু নির্মান | [১.২.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে মূল সেতুর ভৌত নির্মাণ কাজের মধ্যে ইতোমধ্যে ২টি টেস্ট পাইল ড্রাইভ এবং ভায়াডাক্ট এর ৬টি এ্যাংকর পাইল ড্রাইভ সম্পন্ন হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে ২৫% ভৌত নির্মাণ কাজ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] নদীশাসন কাজ | [১.৩.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে নদীশাসনের ভৌত নির্মাণ কাজে মোবিলাইজেশন কার্যক্রম শুরু হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে ২৫% ভৌত নির্মাণ কাজ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] সংযোগ সড়ক নির্মাণ | [১.৪.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে সংযোগ সড়কের ভৌত নির্মাণ কাজের মধ্যে জাজিরা সংযোগ সড়ক ৪৬.৫% এবং মাওয়া সংযোগ সড়ক ৪৮.৫% সম্পন্ন হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে আরও ৪০% ভৌত নির্মাণ কাজ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] সার্ভিস এরিয়া-২ নির্মাণ | [১.৫.১] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে সার্ভিস এরিয়া-২ এর ভৌত নির্মাণ কাজের ৪৩% সম্পন্ন হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে আরও ৫০% ভৌত নির্মাণ কাজ সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] পরিবেশ সংরক্ষণের জন্য বনায়ন | [১.৬.১] সম্পাদিত বনায়ন কাজ | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে বনায়ন কাজের মধ্যে পুনর্বাসন ও সার্ভিস এরিয়াগুলোতে সর্বমোট ৫৫,১৫০টি গাছ লাগানো হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে আরও ১১,০০০টি গাছ রোপণ করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] ব্যবস্থাপনা সহায়তা পরামর্শক সেবা (ম্যানেজমেন্ট সাপোর্ট কনসালটেন্সি সার্ভিস) | [১.৭.১] এমএসসি নিয়োজিত | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ব্যবস্থাপনা সহায়তা পরামর্শক সেবা (ম্যানেজমেন্ট সাপোর্ট কনসালটেন্সি সার্ভিস) গ্রহণের জন্য এমএসসি নিয়োগের লক্ষ্যে শর্ট লিস্টেড ৫টি প্রতিষ্ঠান বরাবর RFP প্রেরণ করা হয়। উক্ত শর্ট লিস্টেড প্রতিষ্ঠানসমূহের কারগিরী ও আর্থিক মূল্যায়ন প্রস্তাব দাখিলের শেষ তারিখ ০৩/০৮/২০১৫। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.৮] বঙ্গবন্ধু সেতুর রক্ষণাবেক্ষণ, টোল আদায় ও আনুসঙ্গিক কাজ | [১.৮.১] সম্পাদিত ফাটল মেরামত কাজ | বঙ্গবন্ধু সেতু রক্ষণাবেক্ষণের অংশ হিসেবে বক্সের ভিতরের ফাটল মেরামত কাজ হাতে নেয়া হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে ৮০% কাজ সমাপ্ত হবে। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৮.২] ভুয়াপুর হার্ডপয়েন্টের সম্পাদিত স্থায়ী মেরামত কাজ | বঙ্গবন্ধু সেতু রক্ষণাবেক্ষণের অংশ হিসেবে প্রতিবছর ভুয়াপুর হার্ডপয়েন্টের মেরামত করা প্রয়োজন হয়। এতে নিয়মিতভাবে অর্থ ব্যয় করতে হয়। ভয়াপুর হার্ডপয়েন্ট দীর্ঘস্থায়ীভাবে সংরক্ষণের লক্ষ্যে স্থায়ী মেরামত কাজ হাতে নেয়া হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে ৫০% কাজ সমাপ্ত হবে। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৮.৩] সম্পাদিত পৃথক ট্রাক লেন নির্মাণ কাজ | যানবাহন দ্রুত পারাপারের লক্ষ্যে বঙ্গবন্ধু সেতুর উভয় দিকে গোলচক্কর হতে টোল প্লাজা পর্যন্ত পৃথক ট্রাক লেন নির্মাণ কাজ ৯০% সমাপ্ত হয়েছে। ২০১৫-২০১৬ অর্থবছরে বাকী ১০% কাজ সমাপ্ত হবে। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৮.৪] সংযোগ সড়কে সম্পাদিত DBST কাজ | বঙ্গবন্ধু সেতুর উভয় দিকের সংযোগ সড়ক রক্ষণাবেক্ষণের অংশ হিসেবে ২০১৫-২০১৬ অর্থবছরে DBST কাজ ৫০% সম্পন্ন হবে। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৮.৫] অপারেশন ও মেইন্টেন্যান্স অপারেটর নিয়োজিত | বঙ্গবন্ধু সেতুর অপারেশন ও মেইন্টেন্যান্স কাজের জন্য উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ৫ বছরের জন্য অপারেটর নিয়োগ করা হয়ে থাকে। অক্টোবর, ২০১৫ মাসে বর্তমান অপারেটরের মেয়াদ শেষ হবে বিধায় পরবর্তী ৫ বছরের জন্য অপারেশন ও মেইন্টেন্যান্স অপারেটর ৩১/১০/২০১৫ তারিখের মধ্যে নিয়োগ করা হবে। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৮.৬] টোল আদায় কাজের অপারেটর নিয়োজিত | বঙ্গবন্ধু সেতুর টোল আদায়ের নিমিত্ত উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ৫ বছরের জন্য অপারেটর নিয়োগ করা হয়ে থাকে। অক্টোবর, ২০১৫ মাসে বর্তমান অপারেটরের মেয়াদ শেষ হবে বিধায় পরবর্তী ৫ বছরের জন্য টোল অপারেটর ৩১/১০/২০১৫ তারিখের মধ্যে নিয়োগ করা হবে। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৯] মুক্তারপুর সেতুর সংযোগ সড়ক মেরামত | [১.৯.১] ঠিকাদার নিয়োজিত | মুক্তারপুর সেতুর সংযোগ সড়ক রক্ষণাবেক্ষণ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ হতে করা হয়ে থাকে। উক্ত সড়কের ডিবিএসটি কাজের ঠিকাদার নিয়োগ আগামী ৩০/০৩/২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন হবে। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] ঢাকা আশুলিয়া উড়াল সেতু নির্মাণ | [২.১.১] সম্ভাব্যতা সমীক্ষার জন্য পরামর্শক নিয়োজিত | ঢাকা আশুলিয়া উড়াল সেতু নির্মাণ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষার জন্য ৩০/১০/২০১৫ তারিখের মধ্যে পরামর্শক নিয়োগ করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] বিআরটি করিডোরের উড়াল সেতু নির্মাণ | [২.২.১] চুড়ান্ত ডিটেইল ডিজাইন | বিআরটি করিডোরের উড়াল সেতুর ডিটেইল ডিজাইন আগামী ৩০/১০/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২.২] ঠিকাদার নিয়োজিত | কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের জন্য২০১৫-২০১৬ অর্থবছরে ১০ হেক্টর ভূমি অধিগ্রহণ করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.২.৩] সম্পাদিত ভৌত নির্মান কাজ | বিআরটি করিডোরের উড়াল সেতুর ভৌত নির্মাণ কাজ ২০১৫-২০১৬ অর্থবছরের মধ্যে ২% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.৩] কর্ণফুলী টানেল নির্মাণ | [২.৩.১] অনুমোদিত ডিপিপি | কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ডিপিপি অনুমোদন ৩১/০১/২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৩.২] অধিগ্রহনকৃত ভূমি | কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের জন্য২০১৫-২০১৬ অর্থবছরে ১০ হেক্টর ভূমি অধিগ্রহণ করা হবে। | ভূমি মন্ত্রণালয়, সেতু বিভাগ, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৩.৩] সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | ২০১৫-২০১৬ অর্থবছরে কর্ণফুলী টানেল নির্মাণ প্রকল্পের ভৌত নির্মাণ কাজ ৫% সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] ঢাকা এলিভেটেড এক্সপ্রেস ওয়ে পিপিপি প্রকল্পের প্রথম ট্রাঞ্চের জমি হস্তান্তর | [৩.১.১] অপসারিত ভবন ও অবকাঠামো | ডিইই প্রকল্পের প্রথম ট্রাঞ্চের ভৌত কাজ শুরুর জন্য ২০১৫-২০১৬ অর্থবছরে এলাইনমেন্টভুক্ত এলাকার ভবন ও অবকাঠামো ১০% অপসারণ করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] প্রথম ট্রাঞ্চের হস্তান্তরিত জমি | ডিইই প্রকল্পের এলাইনমেন্টভুক্ত প্রথম ট্রাঞ্চের জমি আগামী ৩০/১০/২০১৫ তারিখের মধ্যে হস্তান্তর গ্রহণ করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] বিস্তারিত নকশা | [৩.২.১] অনুমোদিত বিস্তারিত নকশা | ডিইই প্রকল্পের বিস্তারিত নকশা আগামী ২৫/১০/২০১৫ তারিখের মধ্যে অনুমোদনের ব্যবস্থা নেয়া হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] ভৌত নির্মাণ | [৩.৩.১] প্রথম ট্রাঞ্চের সম্পাদিত ভৌত নির্মাণ কাজ | ডিইই প্রকল্পের প্রথম ট্রাঞ্চের ভৌত নির্মাণ কাজ ২০১৫-২০১৬ অর্থবছরে ৫% সম্পাদন করা হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৪] প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের ভূমি অধিগ্রহণ | [৩.৪.১] ডিইই প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের অধিগ্রহনকৃত ভূমি | ২০১৫-২০১৬ অর্থবছরে ডিইই প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের ১৭ একর ভূমি অধীগ্রহণ সম্পন্ন হবে। | ভূমি মন্ত্রণালয়, সেতু বিভাগ, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৫] পুনর্বাসন ভবন নির্মাণের জন্য পরামর্শক নিয়োগ | [৩.৫.১] স্বাক্ষরিত চুক্তি | ডিইই প্রকল্পের পুনর্বাসন ভবন নির্মাণের জন্য পরামর্শক নিয়োগ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর ৩০/০৯/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৬] সেফটি অডিট পরামর্শক নিয়োগ | [৩.৬.১] স্বাক্ষরিত চুক্তি | ডিইই প্রকল্পের সেফটি অডিট পরামর্শক নিয়োগ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর ১৫/০৩/২০১৬ তারিখের মধ্যে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৭] পরিবেশ ও পুনর্বাসন কাজের পরামর্শক নিয়োগ | [৩.৭.১] স্বাক্ষরিত চুক্তি | ডিইই প্রকল্পের পরিবেশ ও পুনর্বাসন কাজের পরামর্শক নিয়োগ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর ৩০/১২/২০১৫ তারিখের মধ্যে সম্পন্ন হবে। | সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সেতু বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | ডিইই প্রকল্পের ২য় ও ৩য় ট্রাঞ্চের অধিগ্রহনকৃত ভূমি ,অধিগ্রহনকৃত জমি,অধিগ্রহণকৃত ভূমি | ভূমি অধিগ্রহণ সংক্রান্ত চূড়ান্ত অনুমোদন ও হস্তান্তর | ভূমি মন্ত্রণালয় ভূমি অধিগ্রহণ সংক্রান্ত চূড়ান্ত অনুমোদন প্রদান করে ও জেলা প্রশাসকের কার্যালয় অধিগ্রহণকৃত ভূমি হস্তান্তরের ব্যবস্থা নিয়ে থাকে। | ৪৫% | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতা |
| অন্যান্য | জেলা প্রশাসকের কার্যালয় ঢাকা | অপসারিত ভবন ও অবকাঠামো | ডিইই প্রকল্পের প্রথম ট্রাঞ্চের ভবন ও অবকাঠামো অপসারণ সংক্রান্ত কাজে জেলা প্রশাসকের কার্যালয়ের সহায়তা প্রদান | ডিইই প্রকল্পের ভবন ও অবকাঠামো অপসারণ সংক্রান্ত কাজে জেলা প্রশাসকের কার্যালয়ের সহায়তা প্রয়োজন। | ৪০% | প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রীতা |